



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৬

তারিখ : ১০ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ  
২৪ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

## সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।

করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আগামী ২৯ মার্চ, ২০২০ থেকে ২ এপ্রিল, ২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করেছে।

এমতাবস্থায়, ২৯ মার্চ, ২০২০ থেকে ২ এপ্রিল, ২০২০ তারিখ পর্যন্ত সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলো :-

১. শুধুমাত্র নগদ জমা ও উত্তোলন এর জন্য অনলাইন সুবিধা সম্বলিত ব্যাংকসমূহের ক্ষেত্রে গ্রাহকদের লেনদেনের সার্বিক সুবিধা নিশ্চিত করণার্থে শাখাসমূহের মধ্যে দূরত্ব বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সংখ্যক শাখা খোলা রাখতে হবে;

২. অনলাইন সুবিধা বহির্ভূত ব্যাংকের শাখাসমূহ শুধুমাত্র নগদ জমা ও উত্তোলন এর জন্য খোলা থাকবে;

৩. শুধুমাত্র জরুরি বৈদেশিক লেনদেনের জন্য এডি শাখাসমূহ খোলা রাখা যাবে;

৪. উপরোক্ত সবক্ষেত্রে দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী হবে সকাল ১০.০০ ঘটিকা থেকে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত। লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের শুধুমাত্র সংশ্লিষ্ট বিভাগ দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে। এক্ষেত্রে ২২ মার্চ, ২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৫ এর নির্দেশনা অনুসারে সোস্যাল ডিসট্যান্সিং সংক্রান্ত WHO গাইডলাইনস যথাযথ পরিপালন ও রোস্টারিং এর মাধ্যমে প্রয়োজনীয় জনবল নিয়োজিত করে কার্যাবলী সম্পন্ন করতে হবে; এবং

৫. এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৩